



নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮.২২৩

তারিখ: ২০ চৈত্র ১৪২৬
০৩ এপ্রিল ২০২০

অফিস আদেশ

দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাব জনিত পরিস্থিতিতে মৎস্য, পোল্ট্রি ও ডেইরি খাতের নানাবিধ সংকট মোকাবেলা এবং প্রাণিজ আমিষ সরবরাহ সচল রাখার লক্ষ্যে মাছ, মাংস, দুধ, ডিমসহ পোল্ট্রি, পশু ও মৎস্য খাদ্য/বিভিন্ন উপকরণ, উৎপাদন, পরিবহন এবং বিপণনে উদ্ভূত সমস্যা সমাধানে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম চালু করা হলো। ৪ এপ্রিল, ২০২০ হতে ১১ এপ্রিল, ২০২০ পর্যন্ত সাপ্তাহিক ও সাধারণ ছুটির দিনে মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের অফিস এবং মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের বিভিন্ন এ্যাসোসিয়েশনের সাথে সমন্বয়, উদ্ভূত পরিস্থিতি/সংকট মোকাবেলার স্বার্থে প্রয়োজনে সরকারের সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/ সংস্থার সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রাপ্ত তথ্য উর্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণের জন্য মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে উক্ত কন্ট্রোল রুমে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

২.০। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের নামের পার্শ্বনিম্নবর্ণিত তারিখে সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রাণিসম্পদ অধিদপ্তরের কন্ট্রোলরুমে (ভবন নং-১, কক্ষ নং-৪০৮, ফার্মগেইট, ঢাকা-১২১৫) উপস্থিত থেকে দায়িত্ব পালনসহ সার্বিক কার্যক্রমে প্রধান সমন্বয়কের ভূমিকা পালন করবেন।


ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল নম্বর	দায়িত্ব পালনের তারিখ
১	মোঃ মাহবুবুল হক, উপসচিব (বাজেট)	০১৭১৮৬৪৭৫৮০	০৪/০৪/২০২০
২	মোঃ আব্দুর রহমান, উপসচিব (প্রশাসন - ১)	০১৭১২৫৮২৩২৩	০৫/০৪/২০২০
৩	আ. ন. ম. নাজিম উদ্দীন, উপসচিব (মৎস্য-৩)	০১৭১৮-২০৭০৬৫	০৬/০৪/২০২০
৪	এস, এম, তারিক, উপসচিব (মৎস্য-৪)	০১৭১১-৭৩৭৮৩৮	০৭/০৪/২০২০
৫	পুলকেশ মন্ডল, সিনিয়র সহকারী প্রধান (প্রাণিসম্পদ পরিকল্পনা-১)	০১৭১১-০৪৭০৬৮	০৮/০৪/২০২০
৬	আলমগীর হুছাইন, উপসচিব (মৎস্য-২)	০১৭১৮৪৫৯১৪৯	০৯/০৪/২০২০
৭	ড. এস এম যোবায়দুল কবির, উপসচিব (মৎস্য পরিকল্পনা-২ শাখা)	০১৭১৫২৭৯৩৮১	১০/০৪/২০২০
৮	মোঃ আব্দুল মতিন, উপপ্রধান, (পরিকল্পনা)	০১৯৯০২৮৯১১৮	১১/০৪/২০২০

৩.০। কন্ট্রোলরুমে প্রাণিসম্পদ অধিদপ্তর ও মৎস্য অধিদপ্তর থেকে একজন করে কর্মকর্তাকে দৈনিক দায়িত্ব প্রদানের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এবং মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪.০। ডাঃ মোঃ জসিম উদ্দিন, সহকারী পরিচালক (এ আই), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, মোবাইল নং ০১৭৯৩৯৭২৯৯১ কন্ট্রোলরুমের কাজে সার্বিক সহযোগিতা করবেন। কন্ট্রোলরুমের টেলিফোন নং:

০২-৯১২২৫৫৭

- ৫.০। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ IEDCR কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক নিজ নিজ সুরক্ষা গ্রহণ করবেন।
৬.০। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



৩-৪-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব

ইমেইল: livestock-2@mofl.gov.bd


নম্বর:

তারিখ: ২০ চৈত্র ১৪২৬
০৩ এপ্রিল ২০২০

৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮.২২৩/১(১৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৬) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৭) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৮) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) উপসচিব, মৎস্য-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১১) উপসচিব, মৎস্য-৪ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) উপসচিব, প্রশাসন-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৩) উপসচিব, বাজেট অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৪) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৫) উপসচিব, মৎস্য পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৬) উপসচিব, মৎস্য-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৭) সিনিয়র সহকারী প্রধান, প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৯) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



৩-৪-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব